# হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট

১২০/৩, দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬
ফ্যাক্স; ৯০৩৫০৫৭, www.hbri.gov.bd

স্মারক নং; ২৫.৪৪.২৬০০.০০০.০৬.০৮৮-১৩-৪১২

তারিখ: ২২-১২-২০১৯

বিষয় : প্রতিষ্ঠানের মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী
সভাপতি : মোহাম্মদ শামীম আখতার, মহাপরিচালক, হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনস্টিটিউট
সভারতারিখ : ০৯ ডিসেম্বর ২০১৯
সভার সময় : বিকাল ৩.০০ ঘটিকা
সভার স্থান : সভাকক্ষ

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ১. | প্রতিষ্ঠানের বিভিন্ন অনিষ্পন্ন বিষয় | প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে প্রতিষ্ঠানের বিভিন্ন অনিষ্পন্ন বিষয়াদি নিষ্পত্তিকরণ সম্পর্কে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। এ বিষয়ে প্রজেক্ট অফিসার জানান, প্রশাসনিক মন্ত্রণালয়ের সাথে চলমান অনিষ্পন্ন বিষয়সমূহ নিষ্পত্তিকরণের কার্যক্রম অব্যাহত রয়েছে। | প্রতিষ্ঠানের অনিষ্পন্ন বিষয়সমূহ যেমন, প্রতিষ্ঠানের মামলা এবং অডিট আপত্তি সমূহ নিষ্পত্তিকরণ কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার। |
| ২. | প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির গেজেট প্রকাশ। | সভায় প্রতিষ্ঠানের স্থাবর সম্পত্তির গেজেট প্রকাশ বিষয়ে আলোচনা করা হয়। এ বিষয়ে প্রজেক্ট অফিসার জানান, প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত এ্যাডভোকেট এর সাথে পরামর্শের আলোকে এবং এলজিআরডি এর পত্রের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন কর্মকর্তার সাথে আলোচনা করে কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে প্রতিষ্ঠানের সরকারি জমির মামলা সমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থাবর সম্পত্তির গেজেট নোটিফিকেশন করা সম্ভব হচ্ছেনা মর্মে সভায় অবহিত করা হয়। | প্রতিষ্ঠানের নিয়োগপ্রাপ্ত এ্যাডভোকেট এর সাথে পরামর্শের আলোকে এবং এলজিআরডি এর পত্রের প্রেক্ষিতে প্রশাসনিক মন্ত্রণালয়ের আইন কর্মকর্তার সাথে আলোচনা করে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রয়েছে। তবে প্রতিষ্ঠানের সরকারি মামলাসমূহ নিষ্পত্তি না হওয়া পর্যন্ত স্থাবর সম্পত্তির গেজেট নোটিফিকেশন করা সম্ভব হচ্ছেনা মর্মে সভায় জানানো হয়েছে। এ বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম অব্যাহত রাখতে হবে।<br>বাস্তবায়নেঃ প্রিন্সিপাল রিসার্চ অফিসার, প্রজেক্ট অফিসার। |
| ৩. | মামলা সংক্রান্ত | প্রতিষ্ঠানের মামলাসমূহ নিষ্পত্তিকরণ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। প্রতিষ্ঠানে চলমান ৪ টি মামলা যথা- প্রতিষ্ঠানের সরকারি জমিতে অবস্থিত বস্তি ও অবৈধ স্থাপনা, মার্কেট, দারুস-সালাম, হাউজিং সোসাইটির ২ টি মামলা নিষ্পত্তিকরণের কার্যকর ব্যবস্থা গ্রহণ বিষয়ে প্রজেক্ট অফিসার জানান, মামলা সমূহ নিষ্পত্তি কার্যক্রম অব্যাহত রয়েছে। | প্রতিষ্ঠানের চলমান ৪টি মামলা দ্রুত নিষ্পত্তির কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার । |
| ৪. | অডিট আপত্তি | প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণের বিষয়ে আলোচনায় প্রজেক্ট অফিসার জানান এ কাজে প্রতিষ্ঠানের লাইব্রেরীয়ানকে সদস্য সচিব করে পাঁচ সদস্য বিশিষ্ট একটি কমিটি গঠন করা হয়। ২০৪ টি অডিট আপত্তির মধ্যে এ পর্যন্ত ২৪ টি অডিট আপত্তির জবাব পেশ করা হয়েছে। বাকী অডিট আপত্তিসমূহের জবাব এবং অডিট আপত্তি সংক্রান্ত পূর্ণাঙ্গ প্রতিবেদন মহাপরিচালক বরাবর উপস্থাপন করার নির্দেশনা দেয়া হয়। এ বিষয়ে উক্ত কমিটি দ্রুত একটি সভা করে কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করার বিষয়ে আলোচনা করা হয়। | প্রতিষ্ঠানের অডিট আপত্তিসমূহ নিষ্পত্তিকরণের লক্ষ্যে প্রতিষ্ঠানের লাইব্রেরীয়ানকে সদস্য সচিব করে পাঁচ সদস্য বিশিষ্ট যে কমিটি গঠন করা হয়েছে উক্ত কমিটি দ্রুত একটি সভা করে কার্যক্রমের অগ্রগতি সংক্রান্ত প্রতিবেদন পরবর্তী সমন্বয় সভায় উপস্থাপন করবেন মর্মে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ সদস্য সচিব, অডিট আপত্তি সমূহ নিষ্পত্তিকরণ সংক্রান্ত গঠিত কমিটি । |
| ৫. | ই-নথি | প্রতিষ্ঠানের কার্যক্রম ও সেবাসমূহকে ই-নথিতে রুপান্তরের চলমান কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভায় আলোচনা করা হয়। এ বিষয়ে আগামী সপ্তাহেই একটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে উপস্থিত সকলে একমত পোষণ করেন। | প্রতিষ্ঠানের কার্যক্রম ও সেবাসমূহকে ই-নথিতে রুপান্তরের চলমান কার্যক্রমের অগ্রগতির লক্ষ্যে এ বিষয়ে আগামী সপ্তাহেই একটি প্রশিক্ষণের ব্যবস্থা গ্রহণ করার বিষয়ে সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নেঃ জনাব রাবেয়া খায়ের নিথী, রিসার্চ অফিসার। |

| ক্রম | বিষয় | আলোচনা | সিদ্ধান্ত |
|---|---|---|---|
| ৬. | প্রতিষ্ঠানের এডিপি অন্তর্ভুক্ত প্রকল্প কার্যক্রম | প্রতিষ্ঠানের এডিপি অর্ন্তভূক্ত প্রকল্প কার্যক্রম সমূহের অগ্রগতি বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের চলমান সুইব প্রকল্পের কার্যক্রমের সাইনবোর্ড স্থাপন এবং সুইব প্রকল্পের অফিস কক্ষের সম্মুখে ছোট আকারে সাইনবোর্ড স্থাপন কাজের অগ্রগতি বিষয়ে জনাব মোঃ আরিফুজ্জামান, এসআরই জানান, ইতোমধ্যে সাইনবোর্ড সমূহের খসড়া প্রণয়ন করা হয়েছে এবং অতি শীঘ্রই পরবর্তী কার্যক্রম গ্রহণ করা হবে। | প্রতিষ্ঠানের চলমান সুইব প্রকল্পের কার্যক্রমের সাইনবোর্ড স্থাপন এবং সুইব প্রকল্পের অফিস কক্ষের সম্মুখে ছোট আকারে সাইনবোর্ড স্থাপন কার্যক্রম দ্রুততার সাথে সম্পন্ন করার সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ জনাব মোঃ আরিফুজ্জামান, এসআরই। |
| ৭. | প্রচার ও প্রসার বৃদ্ধির ব্যাপক উদ্যোগ | প্রতিষ্ঠানের উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সমূহের ব্যাপক প্রচার ও প্রসার বিষয়ে পিআরও মহোদয় জানান, প্রচার ও প্রসার কার্যক্রম চলমান রয়েছে। সম্প্রতি ইউটিসি-বুয়েট এর সাথে তিন দিন ব্যাপী কর্মশালার শেষ দিনে এইচবিআরআই পরিদর্শনকালে অংশগ্রহনকারীগণের মতামতের ভিত্তিতে ইউটিসি-বুয়েটের সাথে প্রতিষ্ঠানের একটি সমঝোতা স্মারক স্বাক্ষরের ব্যবস্থা গ্রহণ বিষয়ে তিনি সভায় অবহিত করেন। | প্রতিষ্ঠানের উদ্ভাবিত নির্মাণ উপকরণ ও প্রযুক্তি সমূহের ব্যাপক প্রচার ও প্রসার কার্যক্রম চলমান রয়েছে। ইউটিসি বুয়েটের সাথে সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করা হবে। বাস্তবায়নেঃ প্রিন্সিপাল রিসার্চ অফিসার। |
| ৮. | প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল হালনাগাদকরণ | প্রতিষ্ঠানের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদকরণ এবং প্রতিষ্ঠানের কার্যক্রমসূহ আপলোড নিশ্চিতকরণ বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রম সমূহ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে অনুষ্ঠিত প্রোগ্রাম সমূহ ওয়েব পোর্টাল এ আপলোড সম্পর্কে সভায় আলোচনা করা হয়। | প্রতিষ্ঠানের সম্পাদিত কার্যক্রমসমূহ এবং অন্যান্য প্রতিষ্ঠানের সাথে অনুষ্ঠিত প্রোগ্রামসমূহ ওয়েব পোর্টাল এ আপলোড নিশ্চিতকরণ বিষয়ে সভায় সিদ্ধান্ত গৃহীত হয়। বাস্তবায়নেঃ এপিএ কমিটি এবং ইনোভেশন কমিটি। |
| ৯. | প্রতিষ্ঠানের শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন | প্রতিষ্ঠানের শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন এই ৩টি কার্যক্রমের যথাযথ মনিটরিং বিষয়ে সভায় আলোচনা করা হয়। প্রতি মাসের প্রথম সপ্তাহের সোমবার এ ৩টি কার্যক্রমের অগ্রগতির বিষয়ে সভা আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। | প্রতিষ্ঠানের শুদ্ধাচার, এপিএ, ইনোভেশন এই ৩টি কার্যক্রমের যথাযথ মনিটরিং বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। প্রতি মাসের প্রথম সপ্তাহের সোমবার এ ৩টি কার্যক্রমের অগ্রগতি বিষয়ে সভা আয়োজনের বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার |
| ১০. | ই-টেন্ডারিং | সভায় প্রতিষ্ঠানের ই-টেন্ডারিং কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্টগণ, রিসার্চ এসোসিয়েটগণ এবং বিল্ডিং মেটেরিয়াল ডিভিশনের কয়েকজন কর্মকর্তাসহ প্রশিক্ষণার্থীর তালিকা প্রণয়ন করে ডিসেম্বর-২০১৯ মাসেই এ কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় আলোচনা করা হয়। | সভায় প্রতিষ্ঠানের ই-টেন্ডারিং কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে আলোচনা করা হয়। এ কার্যক্রমের সাথে সংশ্লিষ্টগণ, রিসার্চ এসোসিয়েটগণ এবং বিল্ডিং মেটেরিয়াল ডিভিশনের কয়েকজন কর্মকর্তাসহ প্রশিক্ষণার্থীর তালিকা প্রণয়ন করে ডিসেম্বর-২০১৯ মাসেই এ কার্যক্রম সংক্রান্ত প্রশিক্ষণ আয়োজনের বিষয়ে সভায় সিদ্ধান্ত গ্রহণ করা হয়। বাস্তবায়নেঃ প্রজেক্ট অফিসার। |


(মোহাম্মদ শামীম আখতার)
মহাপরিচালক
হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ অফিসার
দারুস-সালাম, মিরপুর, ঢাকা-১২১৬।
ফোনঃ ৯০৩৫২২২


অনুলিপি, ব্যবস্থা গ্রহণের জন্য-

১. প্রিন্সিপাল রিসার্চ অফিসার, এইচবিআরআই, দারুস-সালাম, রিমপুর, ঢাকা।
২. প্রজেক্ট অফিসার, এইচবিআরআই, দারুস-সালাম, রিমপুর, ঢাকা।
৩. বিভাগ/শাখার প্রধান......................................., এইচবিআরআই, দারুস-সালাম, রিমপুর, ঢাকা।
৪. জনাব রাবেয়া খায়ের নিথী, রিসার্চ অফিসার, এইচবিআরআই, দারুস-সালাম, মিরপুর, ঢাকা।
৫. সংশ্লিষ্ট নথি।